কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

স্মারক নং-১২.০৯৮.০৩৫.০৩.১১.০৪৬.২০১৪-১৬৮ তারিখ ঃ ৩০-০৩-২০১৫ খ্রিঃ

বিষয় ঃ সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২৫-০৩-২০১৫ খ্রিঃ তারিখে জনাব আনোয়ার ফারুক, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে রাশিয়ান উদ্ভিদ সংরক্ষণ বিভাগ হতে আগত বিশেষজ্ঞদের সফরের বিষয়ে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ক) কার্যবিবরণী
খ) উপস্থিতির তালিকা (পরিশিষ্ট-ক)

৩০.৩.১৫

(মোঃ আজিম উদ্দিন)
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন ঃ ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, কারওয়ান বাজার. ঢাকা
০৩। মহাপরিচালক, ডিএই, খামারবাড়ী, ঢাকা
০৪। যুগ্ম-সচিব (সম্প্রসারণ উইং), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা
০৬। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর
০৭। পরিচালক, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫
০৮। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫
০৯। পরিচালক, ক্রপস, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫
১০। পরিচালক, হর্টিকালচার, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫
১১। পরিচালক, টিসিআরসি, জয়দেবপুর, গাজীপুর
১২। ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচভবন, ঢাকা-১২১৫
১৩। প্রফেসর ড. ইসমাইল হোসেন মিয়া, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, বশেমুরকৃবি, জয়দেবপুর, গাজীপুর
১৪। প্রফেসর ড. এম সালাউদ্দিন মাহমুদ চৌধুরী, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৫। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফাইটোসেনিটারী ক্যাপাসিটি শক্তিশালীকরণ প্রকল্প, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫
১৬। জনাব মোঃ আহসান উল্ল্যাহ, কনসালটেন্ট, পেস্ট রিস্ক এনালাইসিস, এসটিসিবি প্রজেক্ট, ডিএই, খামারবাড়ী, ঢাকা
১৭। উপ-পরিচালক (রপ্তানি), ডিএই, খামারবাড়ী, ঢাকা
১৮। উপ-পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
১৯। সভাপতি ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ আলু রপ্তানিকারক সমিতি, হাউজ # ১৫, সেক্টর # ৪, উত্তরা, ঢাকা
২০। ড. ফেরদৌসী ইসলাম, ফেরদৌস বায়োটেক, সাভার, ঢাকা।

**অনুলিপি ঃ**

০১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয় **(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
০৪। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। অফিস কপি।
০৬। মাস্টার ফাইল।

E:\Meeting Minutes\Meeting Minutes Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়

**বিষয় ঃ রাশিয়ান কোয়ারেন্টাইন বিশেষজ্ঞদের বাংলাদেশ সফরের বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভার সভাপতি | ঃ আনোয়ার ফারুক |
| সভার তারিখ ও সময় | ঃ ২৫ মার্চ, ২০১৫ খ্রিঃ, বেলা ১২:০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয় |
| উপস্থিতি | ঃ পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য। |

গত ২৫-০৩-২০১৫ খ্রিঃ তারিখে অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ উইং এর সভাপতিত্বে রাশিয়ান কোয়ারেন্টাইন বিশেষজ্ঞদের আলু রপ্তানি বিষয়ে বাংলাদেশ সফরের বিষয়ে ১ টি প্রস্তুতিমূলক সভা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট ঃ ক-তে** দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি রোগ-বালাইমুক্ত উৎপাদিত আলু রাশিয়া ও অন্যান্য দেশে রপ্তানির বর্তমান অবস্থা ব্যাখ্যা করেন এবং রাশিয়া হতে উদ্ভিদ সংগনিরোধ বিশেষজ্ঞদের বাংলাদেশ সফরের সম্ভাব্য তারিখ (০৪-০৪-১৫ হতে ১১-০৪-১৫) ও এ সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সভায় উপস্থিত আলু রপ্তানীকারক সমিতির সভাপতি ও ব্যবস্থাপনা পরিচালক, এগ্রিকনসার্ন লিঃ এর ড. শেখ আবদুল কাদের বলেন, রাশিয়া থেকে আগত প্রতিনিধি দলকে আমাদের আলু ফসল সংগ্রহের পরবর্তী কার্যক্রম এবং রপ্তানির সময় বন্দরের করণীয়গুলো সরজমিনে দেখানো যেতে পারে। এছাড়াও তিনি আলুর স্বল্পজীবনকাল সম্পন্ন জাত ছাড়করণ হলে দীর্ঘ সময়ব্যাপী রপ্তানির সুযোগ থাকবে বলে সভায় জানান। সভাপতি বর্তমান মৌসুমে আলু রপ্তানির পূর্বে কৃষি গবেষণা হতে কতগুলো প্রতিষ্ঠান, কতগুলো স্যাম্পল পরীক্ষা করেছেন। জবাবে টিসিআরসি এর পরিচালক সভাকে জানান যে, মির্জা ট্রেডের ১২ টি এবং আহসান ট্রেডের ১৪ টি নমুনা পাওয়া গেছে; যা পরীক্ষা করে কোনো ব্যাকটেরিয়া পাওয়া যায়নি। সভাপতি আরো জানান, এই সময়ে রাশিয়ান টীমকে কি করে বোঝানো যাবে যে ব্যাকটেরিয়ামুক্ত আলু রপ্তানি হচ্ছে। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ বলেন, ইতোপূর্বে রাশিয়ায় ব্যাকটেরিয়ামুক্ত আলু রপ্তানির বিষয়ে প্রণিত এ্যাকশন প্ল্যান এর অনেকগুলো ধাপ বাস্তবায়ন করা হয়েছে এবং অন্যগুলো বাস্তবায়নের প্রক্রিয়াধীন আছে; আগামী মৌসুমের পূর্বেই সেগুলো বাস্তবায়ন করা হবে। প্রধান বীজতত্ত্ববিদ জনাব মোঃ আজিম উদ্দিন সভাকে জানান যে, রাশিয়ান কোয়ারেন্টাইন ডিপার্টমেন্ট হতে প্রাপ্ত সর্বশেষ চিঠিতে পূর্ণাঙ্গ এ্যাকশন প্ল্যান বাস্তবায়নে আলু উৎপাদন এলাকায় *রালস্টোনিয়া সোলানেসিয়েরাম* এর অল্টারনেটিভ হোস্ট এবং পিসিআর (পলিমার চেইন রিঅ্যাকশন) টেস্টের বিষয়ে জানতে চেয়েছে। এ বিষয়ে বশেমুরকৃবির উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের প্রফেসর ড. ইসমাইল হোসেন মিয়া জানান যে, বাংলাদেশে আলু উৎপাদন এলাকায় ব্যাকটেরিয়ার অল্টারনেটিভ হোস্ট নেই এবং পিসিআর পরীক্ষার বিষয়ে মহাপরিচালক (বীজ) সভাকে জানান, প্রাইমার না থাকায় এ বছর উক্ত পরীক্ষা করা সম্ভব হয়নি; আশা করি আগামী বছর থেকে পিসিআর পরীক্ষা করে আলু রপ্তানি করা হবে।

**সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ**

১. রাশিয়ান টীমের পরিদর্শনের সুবিধার্থে আলু রপ্তানীকারক সমিতি মুন্সিগঞ্জ, নওগাঁ, রংপুর ও কুঁড়িগ্রাম জেলার আলু উৎপাদনকারী ও রপ্তানীকারক চাষীদের তালিকা আগামী ০৩-০৪-১৫ খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

২. মন্ত্রণালয় হতে রাশিয়ান টীমের পরিদর্শনের জন্য একটি টেন্টেটিভ প্রোগ্রাম তৈরি করা হবে; যাতে
**১ম দিন** - মাননীয় কৃষি মন্ত্রী, বাণিজ্য মন্ত্রী ও বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সাথে সাক্ষাৎ এবং কৃষি মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে আলুর রপ্তানি বৃদ্ধির বিষয়ে বৈঠক;

**২য় দিন -** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের টিসিআরসির গবেষণাগার, বিএডিসির কাশিমপুর হিমাগার ও টিস্যু কালচার ল্যাব পরিদর্শন এবং সাভারে অবস্থিত ড. ফেরদৌসী বেগমের মালিকানাধীন ফেরদৌস বায়োটেক ল্যাব পরিদর্শন;

**৩য় দিন -** চট্রগ্রাম বন্দরে আলু রপ্তানির কার্যক্রম এবং ডিএইর উদ্ভিদ সংগনিরোধ উইং এর কার্যক্রম পরিদর্শন।

৩. চট্রগ্রাম বন্দরের যে কেবিএস ডিপো/ইস্টার্ণ ডিপো পরিদর্শন করা হবে সেটিকে পরিস্কার-পরিচ্ছন্নসহ উদ্ভিদ সংগনিরোধ বিভাগ, ডিএইকে আপডেট রাখতে হবে।

৪. রাশিয়ান টীমকে বিমান বন্দরে রিসিভসহ সফরকালীন প্রটোকল ও অন্যান্য কাজের জন্য এসোসিয়েশন হতে ২ (দুই) জন প্রতিনিধির নাম আগামী ০৩-০৪-১৫ খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৫. পটেটো এসোসিয়েশনের পক্ষ থেকে রাশিয়া হতে আগত বিশেষজ্ঞদের সম্মানে একটি ডিনারের ব্যবস্থা থাকবে এবং মন্ত্রণালয়ের পক্ষ থেকেও একটি ডিনারের ব্যবস্থা করা হবে।

৬. এসোসিয়েশনের পক্ষ থেকে আলু রপ্তানির বিষয়ে ড. শেখ আব্দুল কাদের একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন করবেন; যাতে রপ্তানির বিভিন্ন ধাপ উল্লেখ থাকবে।

৭. কৃষি গবেষণা টিসিআরসি পরিদর্শন সময়ে পরিচালক, কন্দাল ফসল একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন করবেন।

৮. রাশিয়ান প্রতিনিধিদলের লোকাল ট্রান্সপোর্টের জন্য ডিএই, কৃষি গবেষণা ও বিএডিসি একটি করে গাড়ীর ব্যবস্থা করবে; এসোসিয়েশনের পক্ষ থেকেও একটি এসি মাইক্রোবাস প্রস্তুত রাখতে হবে; যাতে নির্বিঘ্নভাবে সিডিউল মোতাবেক কর্মসূচি বাস্তবায়ন করা যায়।

৯. রাশিয়ান টীমের থাকার বিষয়ে ১০০ ডলারের মধ্যে একটি হোটেল বুকিং দিতে হবে যাতে বার, জিম এবং বিভিন্ন জায়গায় যোগাযোগের সুব্যবস্থা থাকে।

১০. মন্ত্রণালয়, ডিএই, উদ্ভিদ সংগনিরোধ উইং ও বেসরকারি প্রতিনিধিদের নিয়ে গঠিত কমিটি রাশিয়ান টীমকে সহযোগিতার জন্য কাজ করবে।

১১. আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী আলুর স্যাম্পলিং প্রসিডিউর তৈরী করার জন্য শেকৃবির উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের প্রফেসর ড. সালাউদ্দিন আহমেদ-কে আহ্বায়ক এবং উপ-পরিচালক (রপ্তানি) জনাব আনোয়ার হোসেন, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএইকে সদস্য সচিব করে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট হতে ১ (এক) জন বিজ্ঞানী ও ১ (এক) জন বেসরকারি প্রতিনিধি নিয়ে ৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের সিদ্ধান্ত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

**(আনোয়ার ফারুক)**
অতিরিক্ত সচিব,
মহাপরিচালক, বীজ উইং
কৃষি মন্ত্রণালয়।

E:\Potato\Visit of Russian PQ expert Minutes (25.03.15).doc